



আবু সাঈদ হত্যাকাণ্ডে ৩০ জন জড়িত, ট্রাইব্যুনালে প্রতিবেদন



সংগৃহীত ছবি

গত বছরের ১৬ জুলাই রংপুরে ছাত্র আন্দোলনের সময় পুলিশের গুলিতে নিহত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শহিদ আবু সাঈদ হত্যার ঘটনায় ৩০ জনের সম্পৃক্ততার প্রমাণ পেয়েছে তদন্ত সংস্থা। সম্প্রতি এই সংক্রান্ত তদন্ত প্রতিবেদন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশনের কাছে হস্তান্তর করা হয়েছে।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ সূত্রে জানা গেছে, মঙ্গলবার (২৪ জুন) তদন্ত শেষে বিস্তারিত প্রতিবেদন জমা দেয় সংশ্লিষ্ট তদন্ত দল। বৃহস্পতিবার (২৬ জুন) মামলার আনুষ্ঠানিক অভিযোগপত্র দাখিলের সম্ভাবনা রয়েছে।

তদন্ত প্রতিবেদনে উল্লেখিত অভিযুক্তদের মধ্যে চারজন বর্তমানে কারাগারে রয়েছেন। তারা হলেন—বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর শরিফুল ইসলাম, পুলিশের সাবেক সহকারী উপপরিদর্শক (এএসআই) আমির হোসেন, কনস্টেবল সুজন চন্দ্র রায় এবং ছাত্রলীগের নেতা ইমরান চৌধুরী।

উল্লেখ্য, বৈষম্যবিরোধী দাবিতে চলমান ছাত্র-আন্দোলনের অংশ হিসেবে গত বছরের ১৬ জুলাই রংপুরে অনুষ্ঠিত এক বিক্ষোভে পুলিশের গুলিতে প্রাণ হারান আবু সাঈদ। এই হত্যাকাণ্ডের ঘটনায় ব্যাপক ক্ষোভ ছড়িয়ে পড়ে ছাত্রসমাজ ও নাগরিক মহলে।